# Times Today BD

আন্তর্জাতিক ডেস্ক | আন্তর্জাতিক | 29 June, 2025

ইরানের রাজধানী তেহরানের কুখ্যাত এভিন কারাগারে ইসরায়েলের হামলায় ৭১ জন নিহত হয়েছেন বলে জানিয়েছেন দেশটির বিচার বিভাগের মুখপাত্র আসগর জাহাঙ্গীর। নিহতদের মধ্যে রয়েছেন প্রশাসনিক কর্মী, সেনা সদস্য, বন্দি, দর্শনার্থী এবং আশেপাশের বাসিন্দারা।

রোববার (২৯ জুন) রাষ্ট্রীয় সংবাদমাধ্যম মিজান নিউজ-এ প্রকাশিত এক বিবৃতিতে জাহাঙ্গীর বলেন,

“এভিন কারাগারে শহীদ হয়েছেন ৭১ জন। এদের মধ্যে অনেকে পরিবারের সদস্যসহ বন্দিদের সঙ্গে সাক্ষাৎ করতে এসেছিলেন।”

এই হামলা চালানো হয় ২৩ জুন, ইরান-ইসরায়েলের চলমান বিমানযুদ্ধের এক পর্যায়ে। আন্তর্জাতিক বিশ্লেষকদের মতে, কারাগারের ওপর হামলা ইসরায়েলের কৌশলগত বার্তা—সামরিক-পরমাণু লক্ষ্য ছাড়িয়ে ইরানের রাষ্ট্রীয় শাসন কাঠামোর প্রতীকে আঘাত হানার ইঙ্গিত।

বিচার বিভাগ আরও জানিয়েছে, কারাগারের প্রশাসনিক ভবনের একটি অংশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং বেঁচে থাকা বন্দিদের অন্য কারাগারে স্থানান্তর করা হয়েছে।

এভিন কারাগার ইরানে রাজনৈতিক বন্দিদের কেন্দ্র হিসেবে পরিচিত।এখানে একাধিক বিদেশি নাগরিক আটক রয়েছেন, যাদের মধ্যে ফ্রান্সের দুই নাগরিক—সেসিল কোলার ও জ্যাক প্যারিস রয়েছেন।তারা প্রায় তিন বছর ধরে আটক।

হামলার পর ফ্রান্স উদ্বেগ প্রকাশ করেছে। দেশটির পররাষ্ট্রমন্ত্রী জ্যঁ-নোয়েল ব্যারো এক্স (সাবেক টুইটার) প্ল্যাটফর্মে লিখেছেন:

“তেহরানের এভিন কারাগারে হামলার ঘটনায় আমাদের নাগরিকরা এখন বিপদের মুখে।এটি কোনোভাবেই গ্রহণযোগ্য নয়।”

বিশ্লেষণকারীদের মতে, এভিন কারাগারে হামলা ইসরায়েল-ইরান সংঘাতের আরও এক ধাপ এগিয়ে যাওয়া এবং আন্তর্জাতিক প্রতিক্রিয়ার কেন্দ্রে আসা নতুন মোড়।

তেহরান ইরানে ইসরায়েল নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 30 June, 2025 01:25

URL: https://www.timestodaybd.com/international/1898863908